

(একই স্বাক্ষর ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কালাই, জয়পুরহাট।  
kalai.joypurhat.gov.bd

শেখ হাসিনার দর্শন  
বাংলাদেশের উন্নয়ন

স্বাক্ষর নং ০৫.৪৩.৩৮৫৮.০০০.১৬.০১৫.১৭-৭০৮(১০০)

তারিখঃ ২৮/১২/২০১৭ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) বাস্তবায়নের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সুপারভাইজার ও শিক্ষক নিয়োগের লক্ষ্যে কালাই উপজেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	সুপারভাইজার	১৫ টি	সর্বনিম্ন এইচ,এস,সি/সমমান পাশ
০২	শিক্ষক	৬০০ টি (৩০০ টি পুরুষ ও ৩০০ টি মহিলা)	সর্বনিম্ন এস,এস,সি/সমমান পাশ

- ১। একই আবেদনকারী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
- ২। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, ইউনিয়ন পরিষদ কর্তৃক নাগরিক সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) সংযুক্ত করতে হবে।
- ৩। শিক্ষক শিক্ষন কেন্দ্রের সংশ্লিষ্ট ওয়ার্ডের অধিবাসী এবং সুপারভাইজার সংশ্লিষ্ট ইউনিয়নের অধিবাসী হতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৫। “উপজেলা নির্বাহী অফিসার, কালাই, জয়পুরহাট” বরাবর আবেদন করতে হবে এবং আবেদন পত্রের খামের উপরে পদ, ওয়ার্ড ও ইউনিয়নের নাম লিখতে হবে।  
সফলভাবে মৌলিক শিক্ষা কোর্স সম্পূর্ণকারী প্রতিজন শিক্ষার্থীর জন্য শিক্ষক প্রতি মাসে ৮০/- টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন। এ হিসেবে মাসে ৩০ জন শিক্ষার্থীর জন্য একজন শিক্ষক প্রতিমাসে সর্বোচ্চ ২৪০০/- টাকা সম্মানী পাবেন।  
প্রতিমাসে শিক্ষককে তার মাসিক সম্মানীর ৫০% অর্থাৎ ১২০০/- টাকা প্রদান করা হবে। অবশিষ্ট সম্মানী মধ্যবর্তী বা ত্রৈমাসিক মূল্যায়নের পর কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে প্রদান করা হবে।
- ৬। সুপারভাইজারদের মাসিক সম্মানী ২০০০/- টাকা এবং যাতায়াত ভাতা ৫০০/- টাকা। সুপারভাইজারদের প্রতিমাসে ভ্রমণ ভাতা এবং মাসিক সম্মানীর ৫০% অর্থাৎ ১০০০/- টাকাসহ মোট ১৫০০/- টাকা প্রদান করা হবে। মধ্যবর্তী ও চূড়ান্ত মূল্যায়নে অকৃতকার্য প্রতি শিক্ষার্থীর জন্য মাসে ৫/- টাকা হারে অনূর্ধ্ব ১০০০/- টাকা কর্তন করে অবশিষ্ট সম্মানী পরিশোধ করা হবে।
- ৭। নিয়োগের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তকেই চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ৮। প্রার্থীদেরকে বাছাই/সাক্ষাতকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৯। মৌখিক পরীক্ষার সময় সকল মূল কাগজপত্রাদি প্রদর্শন করতে হবে।
- ১০। নির্ধারিত আবেদন পত্রে আবেদন করতে হবে।
- ১১। নগদ ১০০/- টাকা মূল্যে আবেদনের নির্ধারিত ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা প্রোগ্রাম অফিসারের কার্যালয় কালাই, জয়পুরহাট হতে সংগ্রহ করা যাবে।
- ১২। আবেদন পত্র আগামী ০১/০১/২০১৮ খ্রিঃ হতে বিতরণ শুরু হবে। আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ১৫/০১/২০১৮ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।

- ১৩। আবেদন পত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কালাই, জয়পুরহাট এর কার্যালয়ে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে।
- ১৪। অসম্পূর্ণ আবেদন ও আবেদনে ভুল তথ্যাদি প্রদর্শন করা হলে উক্ত আবেদন পত্র বাতিল বলে বিবেচিত হবে।
- ১৫। সম্ভাব্য সাক্ষাতকারের তারিখঃ ২৮/০১/২০১৮ খ্রিঃ সময়ঃ সকাল ০৯:০০ ঘটিকায়। উল্লেখ্য এ বিষয়ে পৃথক কোন প্রবেশ পত্র ইস্যু করা হবে না। বিশেষ কারণে সাক্ষাতকারের তারিখ পরিবর্তন হলে এ দপ্তরের নোটিশ বোর্ড ও কালাই উপজেলার ওয়েব সাইট থেকে জানা যাবে।
- ১৬। নিয়োগ বিজ্ঞপ্তি কালাই উপজেলার ওয়েব সাইট <http://kalai.joypurhat.gov.bd> পাওয়া যাবে।



মোঃ আফাজ উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা উপানুষ্ঠানিক শিক্ষা কমিটি ও নিয়োগ কমিটি

কালাই, জয়পুরহাট।

ফোন নং (+৮৮)০৫৭২৫-৫৬০১৪

E-mail: unokalai@mopa.gov.bd

বিতরণঃ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ০১। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩১/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
- ০২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালাই, জয়পুরহাট।
- ০৪। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, জয়পুরহাট।
- ০৫। উপজেলা.....কর্মকর্তা, কালাই, জয়পুরহাট।
- ০৬। উপজেলা প্রোগ্রাম অফিসার, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), কালাই, জয়পুরহাট।
- ০৭। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, কালাই, জয়পুরহাট। (তাকে নিয়োগ বিজ্ঞপ্তি স্ব-স্ব এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....ইউনিয়ন ভূমি অফিস, কালাই, জয়পুরহাট। (তাকে নিয়োগ বিজ্ঞপ্তি স্ব-স্ব এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। নির্বাহী পরিচালক, উপমা সমাজ উন্নয়ন সংস্থা (ইউ,এস,ইউ.এস) কেশবপুর (ফার্ম) জয়পুরহাট।
- ১০। অফিস কপি।